



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



তারিখঃ ১৯.০৬.২০২০ খ্রিঃ

গবেষণায় বরাদ্দ কমিয়েছে বরিশাল বিশ্ববিদ্যালয় শিরোনামে প্রকাশিত সংবাদের প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বক্তব্য

সাম্প্রতিক সময়ে কিছু গণমাধ্যমে “গবেষণায় বরাদ্দ কমিয়েছে বরিশাল বিশ্ববিদ্যালয়” শিরোনামে সংবাদ প্রকাশিত হয়েছে। প্রকাশিত সংবাদে উল্লেখ করা হয়েছে ২০২০-২১ অর্থবছরের বাজেটে গবেষণায় বরাদ্দ কমিয়েছে বরিশাল বিশ্ববিদ্যালয়। যদিও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) থেকে বরাদ্দ বেড়েছে। এমনকি বিশ্ববিদ্যালয়ের নিজস্ব খাত থেকে আয় বৃদ্ধিও দেখানো হয়েছে। তবুও চলতি অর্থবছরের তুলনায় নতুন অর্থবছরের বাজেটে গবেষণায় ৩ লক্ষ টাকা কম বরাদ্দ রাখা হয়েছে। উপরোক্ত বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বক্তব্য নিম্নরূপ:-

প্রকৃতপক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ের বাজেটে গবেষণা খাত, মূলধন অনুদান খাত, পণ্য ও সেবা খাতসহ সামগ্রিক বাজেট বৃদ্ধি পেয়েছে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের বাজেট পর্যালোচনা অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের ২০২০-২১ অর্থবছরের মূল বাজেটে গবেষণা অনুদান খাতে (নিয়মিত ও বিশেষ) ৫০ লক্ষ টাকা অনুমোদন করেছে। যা ২০১৯-২০২০ অর্থবছরের মূল বাজেটে ৪৫ লক্ষ টাকা ছিল এবং সংশোধিত বাজেটে ৫৩ লক্ষ টাকা বরাদ্দ দেওয়া হয়েছে। উল্লেখ করা যেতে পারে ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেট বরাদ্দ ৪১ কোটি ৬৭ লক্ষ টাকা, যা ২০২০-২১ অর্থবছরের মূল বাজেটে ৪৫ কোটি ৩ লক্ষ টাকা (ইউজিসি) কর্তৃক অনুদান পাওয়া গিয়েছে। অর্থাৎ ইউজিসি কর্তৃক সামগ্রিক বাজেট বরাদ্দ বৃদ্ধি পেয়েছে। ২০২০-২১ অর্থবছরের মূল বাজেটে গবেষণা খাতে বরাদ্দকৃত অর্থ সংশোধিত বাজেটে বিশ্ববিদ্যালয়ের চাহিদার প্রেক্ষিতে পূর্বের ন্যায় বৃদ্ধি পাবে। প্রকৃতপক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ের গবেষণা খাতে বরাদ্দ কমে নি আরও বৃদ্ধি পেয়েছে। উপরন্তু বিশ্ববিদ্যালয়ের বাজেটে সকল খাতে বিগত অর্থবছরের তুলনায় বাজেট বরাদ্দ বৃদ্ধি পেয়েছে। কাজেই গবেষণা খাতে বরিশাল বিশ্ববিদ্যালয়ের বাজেটে অর্থ বরাদ্দ কমেছে বিষয়টি সঠিক নহে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস